

## পানের ক্ষত বা পাতার দাগ রোগ (Anthracnose)

**রোগের কারণ:** *Colletotrichum piperis* নামক ছত্রাকের আক্রমণে এ রোগ হয়ে থাকে।

**রোগের বিস্তার:** বাতাসে আর্দ্রতা বেশি থাকলে এ রোগ দ্রুত বাড়ে।

### রোগের লক্ষণ:

- প্রথমে পাতার ভিতরের দিকে বিক্ষিপ্তভাবে ছোট ছোট ফোঁস্কার মত অসম বাদামি দাগ পড়ে।
- দাগগুলো পরবর্তিতে হালকা বাদামী থেকে গাঢ় বাদামি হয় এবং চারিদিকে হলুদ বলয়ের সৃষ্টি হয়।
- ক্রমশ দাগগুলো বড় হতে থাকে। অনেক দাগ এক সাথে মিলে বড় দাগ বা ক্ষতের সৃষ্টি করে।
- পরবর্তিতে দাগের মাঝখানে শুকিয়ে যায় এবং সমগ্র পাতা নষ্ট হয়ে যায়।



পানের ক্ষত বা পাতার দাগ  
রোগ

### রোগ দমন ব্যবস্থাপনা:

- রোগাক্রান্ত লতা - পাতা বরজ হতে তুলে পুড়িয়ে বা পুঁতে ফেলতে হবে এবং নতুন বাগানের জন্য রোগমুক্ত লতা রোপন করতে হবে।
- রোগ প্রতিরোধী জাত বারি পান-১ ও বারি পান- ২ চাষ করতে হবে।
- বরজ সবসময় আগাছামুক্ত ও পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- লতা রোপনের পূর্বে প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে কার্বোক্সিন (১৭.৫%) + থিরাম (১৭.৫%) গ্রুপের প্রোভোজ বা কার্বেনডাজিম গ্রুপের ব্যভিস্টিন দিয়ে লতা শোধন করে নিতে হবে।
- পানের বরজে রোগ দেখা দিলে প্রোপিকোনাজল গ্রুপের টিল্ট ২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মি:লি: হারে মিশিয়ে গাছে ১০ দিন পরপর ২-৩ বার স্প্রে করতে হবে।

### আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।